সমকাল

17 OCT 2017

# কারিগরি শিক্ষার উন্নয়নে পাঁচ টাস্কফোর্স

■ সমকাল প্রতিবেদক

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণ (টিভিইটি) উন্নয়নে পাঁচটি টাস্কফোর্স গঠন করেছে সরকার। টাস্কফোর্সগুলো টিভিইটির উন্নয়নে সরকারি-বেসরকারি অংশীজন এবং বিশেষজ্ঞদের মতামত নিয়ে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা গ্রহণে সুপারিশমালা প্রণয়ন করবে। ওই সুপারিশমালা আগামী ৩০ নভেম্বরের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে জমা দেওয়া হবে।

গতকাল সোমবার সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে টাস্কফোর্স গঠনের এ সিদ্ধান্ত নেওয়া হয়। টাস্কফোর্সগুলো হচ্ছে– পলিসি ও প্রজেক্ট ফর্মুলেশন টাস্কফোর্স, ইন্ডাস্ট্রি ও ইনস্টিটিউট লিংকেজ টাস্কফোর্স, টিভিইটি এনরোলমেন্ট টাস্কফোর্স, কারিকুলাম ডেভেলপমেন্ট টাস্কফোর্স, জব মার্কেট অ্যাসেসমেন্ট এবং এমপ্লয়মেন্ট টাস্কফোর্স।

সভায় প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। অন্যদের মধ্যে অংশ নেন প্রধানমন্ত্রীর এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মো. আবুল কালাম আজাদ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আলমগীর। টিভিইটি উন্নয়ন পরিকল্পনা নিয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস।

সভায় শিক্ষামন্ত্রী বলেন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রসার ও এর গুণগত মান উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসতে হবে। কারিগরি শিক্ষার উন্নয়নের লক্ষ্যে সুচিন্তিত পরিকল্পনা গ্রহণ করতে হবে। এ জন্য সব অংশীজনের পরামর্শ ও মতামত গ্রহণ এবং এ প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, টিভিইটি শিক্ষায় ভর্তির হার ও সক্ষমতা বৃদ্ধির জন্য সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। এর প্রসার ও মান উন্নয়নে আরও কাজ করতে হবে। এ জন্য শিল্পমালিকসহ সবাইকে এগিয়ে আসতে হবে।

শিক্ষামন্ত্রী বলেন, আমাদের নতুন প্রজন্মকে প্রস্তুত করতে হবে, যাতে তারা ভবিষ্যতে দেশকে এগিয়ে নিতে পারে। বিশ্বে দক্ষ কর্মীর বিপুল চাহিদা রয়েছে। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমেই দক্ষ কর্মী তৈরি করা সম্ভব।

ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট অব বাংলাদেশের সভাপতি এ এম এন হামিদ, জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিলের প্রধান নির্বাহী, বিভিন্ন এনজিও, ডিসিসিআই, এমসিসিআই, বায়রা, বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং শিক্ষা মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা আলোচনায় অংশ নেন।

প্রশাসনিক কর্মকর্তা

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর